

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১০১২

আগরতলা, ১৪ জুন, ২০১৮

রাজ্য মন্ত্রিসভার বৈঠকে ই-স্ট্যাম্পিং চালু করার সিদ্ধান্ত

আজ মন্ত্রিসভার বৈঠকে রাজ্য সরকারের স্বীকৃতিপ্রাপ্ত সাংবাদিকদের পেনশন ১০ হাজার টাকা করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। আগে তা ছিলো ১ হাজার টাকা। আজ সন্ধ্যায় মহাকরণের প্রেস কনফারেন্স হলে সাংবাদিক সম্মেলনে এ তথ্য জানান শিক্ষা দপ্তরের মন্ত্রী রতনলাল নাথ। তিনি জানান, বর্তমানে রাজ্যে ১১২ জন এক্রিডেটেড সাংবাদিক রয়েছেন। এর মধ্যে ৫৫ বছরের উপরের সাংবাদিক রয়েছেন ৩৭ জন। তাদের যখন ৬০ বছর পূর্ণ হবে তখন তারা এই পেনশন পাবেন। এর জন্য সরকারের প্রতিমাসে ব্যয় হবে ৩ লক্ষ ৭০ হাজার টাকা এবং বার্ষিক ব্যয় হবে ৪৪ লক্ষ ৪০ হাজার টাকা। তিনি আরও বলেন, তামিলনাড়ুর পর ত্রিপুরা হলো দ্বিতীয় রাজ্য যেখানে সাংবাদিকদের এই হারে পেনশন দেওয়া হবে। এছাড়াও আজ মন্ত্রিসভার বৈঠকে ই-স্ট্যাম্পিং চালু করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। শিক্ষামন্ত্রী জানান, স্বচ্ছতা ও জনস্বার্থে মন্ত্রিসভা এই পলিসি চালু করার সিদ্ধান্ত নিয়েছে। বর্তমানে ২০টি রাজ্যে এই ই-স্ট্যাম্পিং চালু রয়েছে। ত্রিপুরা হবে ২১তম রাজ্য যেখানে ই-স্ট্যাম্পিং চালু করা হবে। এছাড়াও আজ মন্ত্রিসভার বৈঠকে বন দপ্তরের প্রমোটি রেঞ্জারদের প্রমোশন পাওয়ার ক্ষেত্রে যে হাই স্ট্যান্ডার্ড সার্টিফিকেট ইন রেঞ্জার কোর্স প্রয়োজন হতো তা শিথিল করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এর ফলে বন দপ্তরের কর্মচারীদের রেঞ্জার পদ থেকে প্রমোশন পেতে এই সার্টিফিকেটের আর প্রয়োজন হবে না। সাংবাদিক সম্মেলনে এছাড়াও উপস্থিত ছিলেন কৃষিমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, রাজস্ব দপ্তরের প্রধান সচিব মনোজ কুমার এবং স্বাস্থ্য দপ্তরের সচিব সমরজিৎ ভৌমিক।
